

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd


ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ মোতাবেক ১৪৪ ধারার আদেশ জারির বিজ্ঞপ্তি

যেহেতু ০৮ ডিসেম্বর ২০২৩ শ্রুতবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত নাগেশ্বরী উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩ যথাক্রমে (১) নাগেশ্বরী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, (২) নাগেশ্বরী কেরামতিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, (৩) নাগেশ্বরী কামিল মাদ্রাসা, (৪) নাগেশ্বরী সরকারি কলেজ, (৫) নাগেশ্বরী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, (৬) নাগেশ্বরী আদর্শ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় (৭) উপজেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ, (৮) নাগেশ্বরী মহিলা কলেজ ও (৯) ডিএম একাডেমী, নাগেশ্বরী, কুড়িগ্রাম কেন্দ্রে অনুষ্ঠিত হবে;

যেহেতু আমার নিকট প্রতীয়মান হচ্ছে যে, উক্ত পরীক্ষা সূষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে পরিচালনার লক্ষ্যে পরীক্ষা চলাকালে বহিরাগতদের বেআইনি অনুপ্রবেশ কিংবা বিধি বহির্ভূত কোন কারণে গোলযোগ বা বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে এবং পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলার অবনতির আশংকা রয়েছে, সেহেতু উক্ত গোলযোগ বা বিশৃঙ্খলা প্রতিরোধকল্পে পূর্বেই সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

সেহেতু পরীক্ষা কেন্দ্রে শান্তি-শৃঙ্খলা রক্ষা ও সূষ্ঠভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আমি কাউছার আহাম্মেদ, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, নাগেশ্বরী, কুড়িগ্রাম ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে পরীক্ষার ৩০ মিনিট পূর্ব হতে পরীক্ষা গ্রহণ কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বর্ণিত পরীক্ষা কেন্দ্রের ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী, পরীক্ষা গ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, পরিদর্শকদের সদস্য ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ ব্যতীত অন্য কোন অননুমোদিত ব্যক্তি/ ব্যক্তিবর্গের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করলাম। পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের ৪০০(চারশত) গজ ব্যাসার্ধের মধ্যে কোন প্রকার মিছিল, সভা, যে কোন প্রকার শব্দ বিবর্ধক যন্ত্র বাজানো, স্টুডিও, কম্পিউটার ও সকল প্রকার ফটোস্ট্যাট দোকান খোলা রাখা ইত্যাদি সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করলাম। উক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা চলাকালে মোবাইল ফোন ব্যবহার ও বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ ঘোষণা করলাম। মহাসড়কে চলাচলকারী ব্যক্তি ও যানবাহন এ আদেশের আওতামুক্ত থাকবে। আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার স্বাক্ষরে ও সীল মোহরে ২০২৩ সালের ডিসেম্বর মাসের ০৭ তারিখে এ আদেশ জারি করা হলো।



(কাউছার আহাম্মেদ)


উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
নাগেশ্বরী, কুড়িগ্রাম

স্মারক নং-০৫.৪৭.৪৯৬১.০০০.০৩.০০৪.২৩-১২২৫

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
- ০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম
- ০৩। অধ্যক্ষ, নাগেশ্বরী সরকারি কলেজ/ নাগেশ্বরী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
- ০৪। সহকারী কমিশনার(ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম
- ০৫। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক.....
-
- ০৫। অফিসার্স ইনচার্জ, নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
- ০৬। সহকারী প্রোগ্রামার, নাগেশ্বরী, কুড়িগ্রাম(আদেশটি উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



(কাউছার আহাম্মেদ)

উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
নাগেশ্বরী, কুড়িগ্রাম